

SEM 4 (General)

Q. ইস্ট ইন্ডিয়া কোম্পানীর দেওয়ানি লাভের গুরুত্ব আলোচনা কর। (৫)

পলাশি ও বক্সারের যুদ্ধ জয়ের পর দেওয়ানি লাভ করে (১৭৬৫ খ্রিঃ, ৩০ সেপ্টেম্বর) বাংলার রাজনীতিতে কোম্পানির কর্তৃত্ব সম্পূর্ণরূপে প্রতিষ্ঠিত হয়। পার্সিভ্যাল স্পিয়ারের মতে, এই সময় থেকেই শুরু হয় ক্ষমতাহীন দায়িত্ব ও দায়িত্বহীন ক্ষমতার নির্লক্ষ অধ্যায়।

কোম্পানির দেওয়ানি লাভের এই গুরুত্বকে দুই ভাগে আলোচনা করা যেতে পারে- (১) রাজনৈতিক গুরুত্ব, (২) অর্থনৈতিক গুরুত্ব।

রাজনৈতিক গুরুত্ব :

(১) দেওয়ানি লাভ করার পর ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি সমকালীন ভারতে রাজনৈতিক ক্ষমতা ও প্রভাব-প্রতিপত্তির দিক থেকে অন্যান্য ইউরোপীয় শক্তিদের তুলনায় অনেকটাই এগিয়ে যায়।

(২) দেওয়ানি লাভের পর থেকেই ইস্ট ইন্ডিয়া কোম্পানির রূপ পরিবর্তন হয়। কোম্পানির একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান থেকে রাজনৈতিক প্রতিষ্ঠানে উত্তরণ ঘটে।

(৩) নজম-উদদৌলা এক চুক্তিতে অঙ্গীকার করেছিলেন যে, এখন থেকে বাংলার শাসক পদ পাবেন কোম্পানির মনোনীত ব্যক্তি। ফলে বাংলার মসনদের প্রকৃত নিয়ন্ত্রক হয়ে ওঠে কোম্পানি।

(৪) রাজনৈতিক দিক থেকে কোম্পানি এতটাই শক্তিশালী হয়ে ওঠে যে তারা রাজনৈতিক ক্ষমতা প্রয়োগ করে অন্যান্য ইউরোপীয় বণিক কোম্পানিগুলিকে ভারতত্যাগ করতে বাধ্য করে।

(৫) দেওয়ানি লাভের পরবাংলায় ব্রিটিশ শাসন দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়। পি. জে. মার্শালের মতে, যা ছিল উপসাম্রাজ্যবাদ (Sub imperialism)।

অর্থনৈতিক গুরুত্ব :

(১) দেওয়ানি লাভের ফলে কোম্পানির অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য অনেকগুণ বেড়ে যায়। এদেশে ব্যবসা করার মূলধন তারা এদেশে থেকেই আদায় করে। উপরন্তু, অতিরিক্ত মুনাফা নিজেদের দেশে পাঠাতে থাকে।

(২) দেওয়ানি লাভের পর অতিরিক্ত রাজস্ব আদায়ের লোভে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শুরু করে নির্মম শোষণ। ফলে বাংলার রাজকোশ শূন্য হয়ে পড়ে।

(৩) কোম্পানির নির্মম শোষণের পরিণামে বাংলার কুটিরশিল্পকেন্দ্রিক অর্থনীতি একেবারে ভেঙে পড়ে। এই শিল্পে নিযুক্ত শিল্পী কারিগররা বেকার হয়ে পড়ে।

(৪) বাংলায় অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে থেকে অন্যান্য ইউরোপীয় কোম্পানিগুলিকে হটিয়ে দিয়ে ব্রিটিশ নিজের একাধিপত্য কায়ম করে।

(৫) দেওয়ানি লাভের ফলে বাংলার রাজস্ব আদায় নিয়মিত হয়ে ওঠে।

উপসংহার :

ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি দেওয়ানি লাভ করে ভারতে পরবর্তী ১৫০ বছরের রাজস্ব কায়ম রাখার রাস্তা তৈরি করে নেয়। পি.জে. মার্শাল 'The New Cambridge story of India Bengal' গ্রন্থে বলেছেন- “পিছন ফিরে দেখলে ১৭৬৫ খ্রিস্টাব্দে কোম্পানির দেওয়ানি লাভকে মুঘল যুগ ও ব্রিটিশ যুগের বিভাজিকা চিহ্ন বলে মনে হবে।